গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

স্মারক নং-উঃজেঃপ্রকৌঃ/এলজিইডি/হালুয়া/২০০৪/ তারিখঃ

দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০০৩-২০০৪

এতদ্বারা ২০০৩-২০০৪ইং অর্থ বৎসরে অত্র হালুয়াঘাট উপজেলাধীন ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাঃ ও সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প, রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (২য় পর্য্যায়) এর আওতায় নিম্নবর্ণিত ৫ (পাঁচ) টি স্কীম বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত লাইসেন্স ধারী ঠিকাদার, জেলা পরিষদ, ময়মনসিংহ এর তালিকাভূক্ত ১ম শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান (শ্রেণী ও ক্ষমতা অনুযায়ী) এবং প্রকৃত আসবাবপত্র প্রস্তুতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে বাংলাদেশ ফরম নং-২৯১১ এবং ২৯০৮ এর এর মাধ্যমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে । দরপত্র সমূহ আগামী ১৭/০৩/২০০৪ইং তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, জেলা প্রশাসক, ময়মনসিংহ (শুধুমাত্র গ্রুপ নং-১ এর বেলায় প্রযোজ্য), নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ, উপজেলা প্রকৌশলী, ফুলপুর, ময়মনসিংহ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহন করা হইবে এবং ১৮/০৩/২০০৪ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে ।

দরপত্র সমূহ আগামী ১৬/০৩/২০০৪ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) উপরোল্লেখিত কার্যালয় সমূহ হইতে ঠিকাদার স্বয়ং অথবা তাঁহার যেকোন প্রতিনিধির মাধ্যমে ক্রয় করা যাইবে । দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না । যেকোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকিবে ।

কাজের বিবরণ ঃ

ক্রমিক নং	কাজের নাম	বায়নার টাকা	সিডিউলের মূল্য	কাজ সমাপ্তির সময়	ঠিকাদারের শ্রেণী
১	২	৪	৫	৬	৭
ক) ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মান ও সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প (২০০২-০৩) (২য় আহবান)					
১	ধারা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মান ।	উদ্ধৃত দরের ২.৫০%	১০০০/=	১২০ দিন	শ্রেণী ও আর্থিক ক্ষমতা অনুযায়ী এলজিইডি এবং জেলা পরিষদ, ময়মনসিংহ এর ১ম শ্রেণীর ঠিকাদার।
খ) রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় পুনঃনির্মান (২য় পর্য্যায়) (৩য় আহবান)					
২	উত্তর রামনগর রেজিষ্টার্ড বেসরকারী প্রাঃ বিঃ পুনঃনির্মান ।	উদ্ধৃত দরের ২.৫০%	৫০০/=	৯০ দিন	এলজিইডির সকল শ্রেণী এবং জেলা পরিষদের ১ম শ্রেণী ।
গ) রেজিষ্টার্ড বেসরকারী প্রাঃ বিদ্যাঃ উন্নয়ন প্রকল্প (২য় পর্য্যায়) আসবাবপত্র সরবরাহ (২য় আহবান)					
৩	পশ্চিম নিশ্চিন্তপুর রেজিষ্টার্ড বেঃপ্রাঃ বিঃ আসবাবপত্র সরবরাহ ।	উদ্ধৃত দরের ১০%	১০০/=	৪৫ দিন	প্রকৃত আসবাবপত্র প্রস্তুতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান
৪	উত্তর রামনগর রেজিষ্টার্ড বেঃপ্রাঃবিঃ আসবাবপত্র সরবরাহ।	ঐ	১০০/=	৪৫ দিন	ঐ
৫	গোরকপুর উত্তরপাড়া রেজিঃবেঃপ্রাঃবিঃ আসবাবপত্র সরবরাহ ।	ঐ	১০০/=	৪৫ দিন	ঐ

উপজেলা প্রকৌশলী
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

স্মারক নং- উঃজেঃপ্রকৌঃ/এলজিইডি/হালুয়া/২০০৪/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষনাবেক্ষন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা ।
৪। প্রকল্প পরিচালক, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মান ও সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প, এলজিইডি ভবন, সদর দপ্তর, ঢাকা ।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ময়মনসিংহ ।
৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ ।
৮। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ ।
৯। উপজেলা প্রকৌশলী, ---------------------------- (সকল), ময়মনসিংহ ।
১০। উপজেলা ------------------------------ , কর্মকর্তা (সকল), হালুয়াঘাট, ময়মনসিংহ ।
১১। সম্পাদক, দৈনিক যুগান্তর, ১২/৭, উত্তর কমলাপুর, ঢাকা-১২০৯। তাঁহাকে উক্ত বিজ্ঞপ্তি খানা তাঁহার পত্রিকায় আগামী ০৮/০৩/২০০৪ইং তারিখের মধ্যে ১ দিন ভিতরের পাতায় ৩ কলাম ৬ ইঞ্চি পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হইল ।
১০। নোটিশ বোর্ড ।

উপজেলা প্রকৌশলী
হালুয়াঘাট, ময়মনসিংহ।

Tender

অতিরিক্ত শর্তাবলী ঃ

১। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২.৫০% হারে বায়নার টাকা যেকোন তফসিল ভুক্ত বাণিজ্যিক ব্যাংক হইতে উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট বরাবরে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, সিডি আকারে দাখিল করিতে হইবে ।

২। দাখিলকৃত দর অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে নির্দিষ্ট স্থানে লিখিতে হইবে । কোনরূপ কাটাকাটি, ঘষা-মাজা, ওভাররাইটিং থাকিলে তাহা অনুস্বাক্ষর করতঃ পুনঃস্পষ্টাক্ষরে লিখিতে হইবে । অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে ।

৩। দরপত্রের সাথে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ২০০৩-২০০৪ অর্থ বৎসরের নবায়নকৃত লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে ।

৪। দরপত্রের সাথে টি,আই,এন সার্টিফিকেট এবং হালনাগাদ কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে ।

৫। দরপত্রে আইটেমওয়ারী দর উদ্ধৃত করিতে হইবে এবং এইক্ষেত্রে ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর যদি কোন আইটেমের সিডিউল রেইট অপেক্ষা বেশী হয় তাহা হইলে ঠিকাদার উক্ত কাজের বিল গ্রহনকালে বর্ণিত আইটেমের অনুমোদিত প্রাক্কলিত রেইট অনুযায়ী বিল গ্রহন করিতে বাধ্য থাকিবেন । কাজ সমাপ্তির পর চুড়ান্ত বিলে ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরেই উক্ত আইটেমের বিল পরিশোধ করা হইবে ।

৬। যদি কোন বিশেষ আইটেমে মূল সম্পাদিত কাজের পরিমান টেন্ডারে ঐ আইটেমে প্রদর্শিত পরিমান অপেক্ষা ২৫% বেশী হয় সেই ক্ষেত্রে ২৫% পর্যন্ত পরিমান ঠিকাদার কর্তৃক প্রদত্ত দরে এবং অবশিষ্ট পরিমান এলজিইডির সিডিউল রেইটে পাওনা পরিশোধ করা হইবে । যদি উক্ত আইটেমে এলজিইডির রেট সিডিউলভুক্ত না হয়, সেইক্ষেত্রে অন্য কোন সরকারী অধিদপ্তরের রেট সিডিউলে প্রদর্শিত দর, অন্যথায় সদর দপ্তর কর্তৃক ধার্য্যকৃত দরে ঠিকাদারের পাওনা পরিশোধ করা হইবে ।

৭। দরদাতা কর্তৃক দরপত্র দলিলে অতিরিক্ত শর্ত আরোপ করিলে কিংবা শর্ত সাপেক্ষে দরপত্র দাখিল করিলে দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে ।

৮। দরপত্র দলিলের সাথে প্রদত্ত বায়নার টাকা দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী চাহিদা হইতে কম হইলে এবং পে অর্ডার/ব্যাংক ড্রাফট/সিডি ব্যতিত অন্যকিছু প্রদান করিলে দরপত্র সমূহ সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে ।

৯। আইটেমওয়ারী দরের ক্ষেত্রে প্রতি আইটেমের দর কথায় এবং অংকে লিখিতে হইবে । লিখিত একক দর দ্বারা পরিমানকে পূরন করিয়া পৃথক পৃথকভাবে আইটেমের মূল্য নির্নয় করিয়া সকল আইটেমের মূল্য যোগ করিয়া মোট (উদ্ধৃত) মূল্য নির্ধারন করিতে হইবে ।

১০। যদি কেহ মোট প্রাক্কলিত মূল্যের ৫% অপেক্ষা বেশী নিম্নদর দাখিল করেন তবে বায়নার টাকার অতিরিক্ত হিসাবে উদ্ধৃত দরের সমপরিমান (শতকরা হিসাবে যেমন ৬% নিম্নদর হইলে ৬% অতিরিক্ত টাকা) ব্যাংক ড্রাফট/পেঅর্ডার/সিডি আকারে জমা দিতে হইবে এবং কাজের ৫০% অগ্রগতি না হইলে তাহা ফেরত দেওয়া হইবে না ।

১১। এলজিইডি কর্তৃক নির্ধারিত টেষ্ট ফ্রিকোয়েন্সি মোতাবেক নির্মান সামগ্রী নিজ খরচে টেষ্ট সম্পাদন করিতে হইবে ।

১২। সম্পাদিত কাজের ৮০% এর উপরে চলতি বিল প্রদান করা হইবে না ।

১৩। বরাদ্ধ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হইবে এবং কর্তৃপক্ষ কোন চলতি বিল প্রদানে বাধ্য নহে ।

১৪। দরপত্রের সিডিউল ক্রয়ের পূর্বে প্রকল্প স্থান পরিদর্শন করিয়া দরপত্র দাখিল করিতে হইবে । অন্যথায় এই ব্যাপারে কোন প্রকার ওজর আপত্তি প্রদর্শন করিয়া কাজ বন্ধ রাখা যাইবে না ।

১৫। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদ দাখিল করিতে হইবে ।

১৬। কাজ সন্তোষজনক অবস্থায় বিদ্যমান থাকিলে কাজ সমাপ্তির ১ (এক) বৎসর পর কারিগরী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে জামানত বাবদ রক্ষিত টাকা ফেরত প্রদান করা হইবে ।

১৭। দরপত্রের প্রতি পৃষ্ঠায় ঠিকাদারের স্বাক্ষর থাকিতে হইবে ।

১৮। ঠিকাদারের বিল হইতে বিধি মোতাবেক আয়কর, ভ্যাট ও জামানত কর্তন করা হইবে ।

১৯। কার্য্যাদেশ প্রাপ্তির ৩ দিনের মধ্যে ১৫০/= টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতঃ কাজ শুরু করিতে হইবে ।

২০। কাজের সাইটে সাইট অর্ডার বহি সংরক্ষন করিতে হইবে ।

২১। প্রকল্পের মেয়াদ ৩০শে জুন/২০০৪ইং মাসে সমাপ্ত হইয়া যাইবে, বিধায় যথাসময়ে কাজ সমাপ্ত করতঃ চুড়ান্ত বিল উত্তোলন করিতে হইবে ।

(আসবাবপত্র সরবরাহের ক্ষেত্রে)

২২। আসবাবপত্র সরবরাহকারীকে অবশ্যই প্রকৃত আসবাবপত্র প্রস্তুতকারী ও সরবরাহকারী হিসাবে নবায়নকৃত ট্রেড লাইসেন্স ও টার্নওভার ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দরপত্রের সহিত সংযোজন করিতে হইবে ।

২৩। দরপত্রের সহিত উদ্ধৃত দরের ১০% হারে বায়নার টাকা যেকোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট বরাবরে দাখিল করিতে হইবে । দাখিলকৃত বায়নার টাকা জামানত হিসাবে গন্য হইবে এবং ১ বৎসর পর জামানতের টাকা ফেরত প্রদান করা হইবে ।

২৪। দরপত্রের দর অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে লিখিতে হইবে । কোন রূপ কাটা/ঘষা-মাজা/ওভাররাইটিং হইলে অনুস্বাক্ষর করতঃ স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

২৫। দরপত্রে আইটেমওয়ারী দর উদ্ধৃত করিতে হইবে ।

২৬। দাখিলকৃত দরপত্রের সকল কাগজপত্রে ঠিকাদারকে অবশ্যই স্বাক্ষর করিতে হইবে ।

২৭। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের মানি রশিদ সংযোজন করিতে হইবে ।

২৮। বিধি মোতাবেক ঠিকাদারদের বিল হইতে ভ্যাট কর্তন করা হইবে ।

২৯। ২৯০৮ নং ফরমের যাবতীয় শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে ।

৩০। নির্বাচিত সরবরাহকারীকে অনুমোদিত ডিজাইন, ড্রইং ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তুতকৃত আসবাবপত্রের ১ সেট নমুনা উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে অনুমোদনের জন্য সরবরাহ করিতে হইবে । সরবরাহকৃত নমুনা আসবাবপত্র ডিজাইন, ড্রইং ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তুত করা হইয়াছে কিনা তাহা উপজেলা প্রকৌশলী, চেকলিষ্ট অনুযায়ী পরীক্ষা ও যাচাই পূর্বক সীল ও স্বাক্ষর করতঃ অনুমোদন করিবেন ।

৩১। উপজেলা প্রকৌশলী, আসবাবপত্রের নমুনা সেট অনুমোদনের পর বর্ণিত পরিমান আসবাবপত্র প্রস্তুত করিবার জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করিবেন ।

৩২। উপজেলা প্রকৌশলী, সরবরাহকারীর কারখানায় আসবাবপত্র প্রস্তুতকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করিয়া চেকলিষ্ট ও অনুমোদিত নমুনা অনুযায়ী আসবাবপত্র প্রস্তুত করা হইতেছে কিনা তাহা যাচাই করিবেন এবং পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরন করিবেন ।

৩৩। সরবরাহকারী ডিজাইন, ড্রইং ও স্পেসিফিকেশন এবং অনুমোদিত নমুনা মোতাবেক কার্যাদেশে উল্লেখিত পরিমান আসবাবপত্র প্রস্তুত করিবার পর উপজেলা প্রকৌশলীর সন্তোষজনক প্রত্যয়নপত্র প্রাপ্তি পূর্বক বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ নিশ্চিত করিবেন ।

৩৪। পূর্ত কাজ বাস্তবায়নের উপর নির্ভর করিয়া আসবাবপত্রের কার্য্যাদেশ ইস্যু করা হইবে । পূর্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব না হইলে আসবাবপত্রের কার্য্যাদেশ প্রদান করা হইবে না ।

উপজেলা প্রকৌশলী
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

Tender

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

স্মারক নং- উঃজেঃপ্রকৌঃ/এলজিইডি/হালুয়া/২০০৪/ তারিখঃ

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০০৩-২০০৪

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ময়মনসিংহ জেলাধীন হালুয়াঘাট উপজেলায় ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মান ও সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প, রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (২য় পর্য্যায়) এর আওতায় ৫(পাঁচ)টি স্কীম বাস্তবায়নের জন্য হালনাগাদ নবায়নকৃত এলজিইডির তালিকাভূক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান (শ্রেণী ও ক্ষমতা অনুযায়ী) এবং প্রকৃত আসবাবপত্র প্রস্তুতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বাংলাদেশ ফরম নং-২৯১১ ও ২৯০৮ এর মাধ্যমে সীলমোহরকৃত খামে আইটেমওয়ারী দর উল্লেখ পূর্বক দরপত্র আহবান করা যাচ্ছে । ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তির লাইসেন্সের সত্যায়িত অনুলিপি এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের নবায়নকৃত ট্রেড লাইসেন্স ও টার্নওভার ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট অবশ্যই টেন্ডারের সাথে দাখিল করতে হবে ।

১।	দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান	ঃ	১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ (শুধুমাত্র ১নং গ্রুপের জন্য প্রযোজ্য) ২। জেলা প্রশাসক, ময়মনসিংহ (শুধুমাত্র ১নং গ্রুপের জন্য প্রযোজ্য)। ৩। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ময়মনসিংহ । ৪। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, হালুয়াঘাট, ফুলপুর, ময়মনসিংহ । ৫। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে প্রাপ্ত টেন্ডারও ড্রপ্ড টেন্ডার হিসাবে গন্য হইবে (Registered with AD) ।
২।	দরপত্র বাক্সে দরপত্র গ্রহনের তারিখ	ঃ	১৭/০৩/২০০৪ ইং দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর সমূহে ।
৩।	দরপত্র খোলার তারিখ	ঃ	১৮/০৩/২০০৪ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায়, অত্রাফিসে ।
৪।	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	ঃ	১৬/০৩/২০০৪ ইং পর্যন্ত (অফিস চলাকালীন সময় পর্যন্ত)
৫।	বায়নার টাকা	ঃ	উদ্ধৃত মোট টাকার ২.৫০% (আসবাবপত্রের ক্ষেত্রে ১০%) বিডি/সিডি/পে-অর্ডার আকারে যেকোন তফসীল ব্যাংক হতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট এর অনুকূলে দাখিল করতে হবে ।
৬।	টেন্ডার সিডিউল এবং ২৯১১ নং ফরমের নির্ধারিত স্থানে আইটেমওয়ারী দর (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে ।		
৭।	টেন্ডার নোটিশসহ বিস্তারিত তথ্য এলজিইডির Web site (http://WWW.lged.org) এ পাওয়া যাবে ।		
৮।	বিস্তারিত টেন্ডার নোটিশ ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ও সংশ্লিষ্ট দপ্তর সমূহে জানা ও দেখা যাবে । কর্তৃপক্ষ যেকোন টেন্ডার গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন ।		

উপজেলা প্রকৌশলী
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

স্মারক নং- উঃজেঃপ্রকৌঃ/এলজিইডি/হালুয়া/২০০৪/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হল ঃ

১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ ।
২। সম্পাদক, দৈনিক যুগান্তর, ১২/৭, উত্তর কমলাপুর, ঢাকা-১২০৯ । তাঁকে উক্ত বিজ্ঞপ্তি খানা তাঁর পত্রিকায় আগামী ০৮/০৩/২০০৪ইং তারিখের মধ্যে ১(এক) দিন এক সংখ্যায় ভিতরের পাতায় ৩ কলাম ৬ ইঞ্চি পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হইল ।
৩। নোটিশ বোর্ড ।

উপজেলা প্রকৌশলী
হালুয়াঘাট, ময়মনসিংহ ।

Tender